

তথ্যের বিবরণ

ইউ. এস. ইকোলজি, ডেট্রয়েট মিশিগান

সারাংশ

মিশিগান ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্ট গ্রেট লেকস এন্ড এনার্জি (ইজিএলই), ম্যাটেরিয়ালস ম্যানেজমেন্ট ডিভিশন (এমএমডি) একটি বিপদজনক বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্র নবায়ন ও সম্প্রসারণ অপারেটিং লাইসেন্স (লাইসেন্স) পুনঃপ্রকাশ (রিইস্যু) করেছে ইউএস ইকোলজি মিশিগান, ইনক. (ইউএসই) কে, আগে ডিনেকল ইনক., তাদের ৬৫২০ জর্জিয়া স্ট্রিট, ডেট্রয়েট মিশিগান (কেন্দ্র) অবস্থিত কেন্দ্রের বর্তমান কাজ চালিয়ে যাবার জন্য, সংরক্ষণ করা ও প্রক্রিয়া করার জন্য দুটি নতুন ভবন তৈরি করা ও কাজ করা এবং একটি বিদ্যমান ভবনকে নতুনভাবে ব্যবহার করার জন্য। ইজিএলই কাজটি প্রস্তাবিত করে পাট ১১১ হ্যাজার্ডাস ওয়েস্ট ম্যানেজমেন্ট, অফ দি ন্যাচারাল রিসোর্সেস এন্ড এনভায়রনমেন্ট প্রটেকশন একট, ১৯৯৪ পিএ ৪৫১, সংশোধিত এবং তার প্রশাসনিক নিয়ম, মিশিগান অ্যাডমিনিস্ট্রিটিভ কোড রুল (আর) ২৯৯.৯১০১ *ইটি সেক* অনুসারে।

ইউএসই একটি নবায়ন লাইসেন্স আবেদন (আবেদন) ১৪ সেপ্টেম্বর ২০০৭ এ এবং সংশোধিত আবেদন ৪ মার্চ ২০১৩ তে জমা দেয়, যেখানে বেশি পরিমাণ বিপদজনক বর্জ্য নিয়ন্ত্রণ করার জন্য কেন্দ্রের বিবর্ধন ও প্রসারণ প্রস্তাব করা হয়েছিল। লাইসেন্সটির মেয়াদ ১০ বছর। ইউএসই-এর আবেদন, জায়গা পরিদর্শন এবং কেন্দ্রের নিরীক্ষার ওপর ভিত্তি করে ইজিএলই সিদ্ধান্ত নেয় যে নিম্নলিখিত নির্ধারণের ওপর ভিত্তি করে লাইসেন্স জারি করা হবে:

- এ. ইজিএলই-এর কাছে আবেদনটি যথেষ্ট বিস্তারিত ছিল, ওই কেন্দ্র এবং মানুষের স্বাস্থ্য ও পরিবেশের ওপর তার প্রভাব নির্ণয় করার জন্য।
- বি. কেন্দ্রটি সকল প্রযুক্তিগত নকশা, নির্মাণ এবং কাজ করার মান যা পাট ১১১ এবং তার প্রশাসনিক নিয়ম, মিচিগামী অ্যাডমিনিস্ট্রিটিভ কোড আর ২৯৯.৯১০১ *ইটি সেক* (নিয়ম) এর অন্তর্গত, কে সন্তুষ্ট করে।
- সি. কেন্দ্রটি এই সময়ে, মানুষের স্বাস্থ্য বা পরিবেশের জন্য কোনও বিপদ উপস্থাপন করে না নিম্নোক্ত বিষয়ের ওপর ভিত্তি করে; আবেদনের একটি পর্যালোচনা ইজিএলই কর্মীদের করা সম্মতি পর্যবেক্ষণ; চারপাশের বায়ু পর্যবেক্ষণ এবং ইজিএলই এবং গ্রেট লেকস ওয়াটার অথরিটি, পূর্বে ডেট্রয়েট ওয়াটার এন্ড সুয়ারেজ ডিপার্টমেন্টের নির্দেশ মেনে ইউএসইর করা প্রবহমান স্রাব নিরীক্ষণ।
- ডি. সব অপারেটিং লাইসেন্সে থাকা স্ট্যান্ডার্ড ও সাধারণ কেন্দ্রের অপারেটিং কন্ডিশন ছাড়াও (যার মধ্যে আছে যথাযথ স্বীকৃতি এবং স্টোরেজ, লেবেল, কর্মীদের প্রশিক্ষণ, আপদকালীন প্রতিক্রিয়া পরিকল্পনা, পরিবেশের পর্যবেক্ষণ এবং নথি রাখা), লাইসেন্সটিতে আছে ইউএসইর বর্তমান স্টোরেজ ও প্রক্রিয়া কাজের জন্য নির্দিষ্ট শর্ত যাতে করে বর্তমান ও পরিকল্পিত ভবন, স্টোরেজ এবং প্রক্রিয়ার পদ্ধতির যথাযথ নজরদারি সুনিশ্চিত করা যায়।
- ই. ইউএসই পেয়েছে, বা পেতে হবে, কেন্দ্রের জন্য প্রয়োজনীয় অন্য সব ফেডারেল ও স্টেট পরিবেশ অনুমতি যা প্রয়োজন কোন নতুন - তৈরি বিপদজনক বর্জ্য ব্যবস্থাপনা ইউনিটের কাজ শুরু করার আগে, লাইসেন্সের সাইট-নির্দিষ্ট শর্ত অনুসারে; এর মধ্যে আছে ভবন দখল ও অগ্নি দমন ব্যবস্থার ফায়ার মার্শালের অনুমোদন, এবং যথাযথ নিয়ন্ত্রণ বানানো হয়েছে নিশ্চিত করতে ইজিএলই কর্মীদের পর্যবেক্ষণ।
- এফ. সম্প্রসারণ শর্তের অনুসারে কাজ শুরু হবার আগে নির্মাণ হতে হবে অনুমোদিত ইঞ্জিনিয়ারিং পরিকল্পনার অনুসারে, সক্রিয় নির্মাণ কালে অগ্রগতির রিপোর্ট জমা দেওয়া, নির্মাণের পরে নির্মিত পরিকল্পনার জমা দেওয়া, লাইসেন্স প্রাপ্ত পেশাদার ইঞ্জিনিয়ার দ্বারা নির্মাণের সার্টিফিকেশন এবং ইজিএলই দ্বারা পর্যবেক্ষণ যে নতুন নির্মিত অংশ বিপদজনক বর্জ্য সংরক্ষণ ও প্রক্রিয়া করতে সক্ষম।
- জি. জনগণের মন্তব্যের সময় পাওয়া মন্তব্যগুলিকে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের সময় বিবেচনা করা হয়েছিল। জনগণের

থেকে পাওয়া মন্তব্য লাইসেন্সের পরিবর্তনে অবদান রেখেছে। লাইসেন্স করা পরিবর্তনের উদাহরণ: গাড়ির ট্রাফিক রুটের প্রয়োজনীয়তা, দিনে সর্বোচ্চ সংখক গাড়ি; পরিবেশ পর্যবেক্ষণ বিজ্ঞপ্তিতে ডেট্রয়েট শহরের অনর্ভুক্তি।

কেন্দ্রের বর্ণনা

সাইট বর্ণনা

কেন্দ্রটি একটি ৬.২ একর জমি যা চিহ্নিত করা হয়েছে "নিবিড় শিল্পের" ব্যবহারের জন্য ৬৫২০ জায়গা স্ট্রিট, ডেট্রয়েট মিশিগানে, হামট্রামক, মিশিগান থেকে প্রায় এক মাইল পূর্বে, এবং শিল্প, বাণিজ্য ও আবাসিক সম্পত্তির কাছাকাছি। সাইটটি সম্পূর্ণভাবে বেড়া দিয়ে ঘেরা এবং রাস্তা, ফাঁকা জমি বা অন্য শিল্পের সাইট দিয়ে সীমানা করা। কাছাকাছি কোন লেক বা নালা নেই এবং সাইটটি ডেট্রয়েট নদী নিষ্কাশন অববাহিকায় অবস্থিত। আই-৯৪ (এডসেল ফোর্ড ফ্রিওয়ে) আর এম-৫৩ (ভ্যান ডাইক) সাইটের এক অর্ধেক মাইলের মধ্যে থাকা প্রধান রাস্তা।



ইউএসই সাইটটি উপরে লালে চিহ্নিত করা হয়েছে।

পূর্বের লাইসেন্সিং

বর্তমান ইউএসই লাইসেন্স জারি করা হয়েছিল মার্চ ১৬, ১৯৯৮ তে। লাইসেন্স মেয়াদোত্তীর্ণ হয়ে গেছিলো মার্চ ১৬, ২০০৮ তে। ইউএসই একটি সময়মাত্রিক আবেদন সেপ্টেম্বর ১৪, ২০০৭ এ জমা দেয় এবং তারজন্য মার্চ ১৬, ১৯৯৮ লাইসেন্সের শর্ত অনুসারে কাজ করার অনুমতি দেওয়া হয় যতক্ষন না নতুন আবেদনে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়েছে। লাইসেন্সে একটি বড় পরিবর্তন করা হয়েছিল জুলাই ৩০, ২০০৪ এ। এই বড় পরিবর্তনটি কেন্দ্রকে অনুমতি দেয়: (১) তার ধারক ব্যবস্থাপনা কেন্দ্রে অতিরিক্ত বর্জ্য কোড স্বীকার করা, (২) ভূগর্ভস্থ জল পর্যবেক্ষণ পরিত্যাগ করা এবং (৩) অতিরিক্ত বর্জ্য জল প্রক্রিয়ার যন্ত্র যোগ করা। প্রধান পরিবর্তন কেন্দ্রে সংরক্ষিত বা প্রক্রিয়া হতে পারা বর্জ্যের পরিমাণ বৃদ্ধি করে নি বা লাইসেন্সের মেয়াদোত্তীর্ণ হবার তারিখ বৃদ্ধি করে।

বর্তমান কেন্দ্রের নকশা এবং প্রস্তাবিত সম্প্রসারণ

ধারক ব্যবস্থাপনা কেন্দ্র:

ধারক ব্যবস্থাপনা কেন্দ্র (কনটেইনার ম্যানেজমেন্ট ফেসিলিটি : সিএমএফ) বিভিন্ন আকারের ধারকে এবং প্রচুর পরিমাণে বিপদজনক বর্জ্য পায় স্থানান্তর এবং সংরক্ষণের জন্য। সিএমএফ-এ আটটি পৃথক সংরক্ষণ খাড়া আছে যার প্রত্যেকটির সংরক্ষণ ক্ষমতা ১২০ টি ড্রাম বা ৬৬০০ গ্যালন পর্যন্ত, এই অনুমানের ওপর নির্ভর করে যে ড্রামগুলি দুটি উচ্চ স্তূপীকৃত করা আছে, মোট ৫২,৮০০ গ্যালন আয়তনের জন্য। এই পরিমাণটি ১১,৮০০ গ্যালন বৃদ্ধি। সেকেন্ডারি সংবরণ এবং একটি অগ্নি দমন সিস্টেম ভবন নকশা অংশ।



বর্তমান ভবনগুলিকে কমলা রঙে চিহ্নিত করা আছে এবং প্রস্তাবিত ভবন গুলিকে হলুদ রঙে।

প্রক্রিয়া কেন্দ্র - ট্যাঙ্ক সংরক্ষণ এবং প্রক্রিয়া:

প্রক্রিয়া কেন্দ্র (ট্রিটমেন্ট ফেসিলিটি: টিএফ) পরিকল্পিত হয়েছে ১৭৬,২০০ গ্যালন পর্যন্ত বিপদজনক বর্জ্য সংরক্ষণ করবার জন্য। টিএফ-তে কোনো অতিরিক্ত ট্যাঙ্ক যোগ করা হয় নি। ১৫৩,২০০ গ্যালনের বৃদ্ধিটি হয়েছে উপস্থিত ট্যাঙ্কগুলিকে বিপদজনক পদার্থ (রাসায়নিক) সংরক্ষণ থেকে বিপদজনক বর্জ্য সংরক্ষণে পরিবর্তন করে। সার্বিক স্টোরেজ ক্ষমতা পরিবর্তিত হয় নি। টিএফ,-টি প্রতিদিন ১৪৪,০০০ গ্যালন পর্যন্ত বিপদজনক বর্জ্য প্রক্রিয়া করা জন্য পরিকল্পিত হয়েছে, এই প্রক্রিয়াজাত বর্জ্যের পরিমাণ বৃদ্ধি পায় নি। ইউএসই- এর বর্জ্যজল ছাড়ার পারমিট অনুসারে, ৩০০,০০০ গ্যালন প্রক্রিয়াজাত নিকাশি ছাড়া হয় গ্রেট লেকস ওয়াটার অথরিটিকে, পূর্বে ডেট্রয়েট ওয়াটার এন্ড সুয়েজ ডিপার্টমেন্ট, তা বৃদ্ধি পায় নি। সেকেন্ডারি সংবরণ এবং একটি অগ্নি দমন ব্যবস্থা ভবনর নকশার অংশ।

প্রস্তাবিত স্টেবিলিজেশন সম্প্রসারণ (বিল্ডিং ৪), ধারক স্টোরেজ সহ:

বিল্ডিং ৪ ইউএসইর পদাঙ্কের পশ্চিম দিকে অবস্থিত। প্রস্তাবিত বিপদজনক বর্জ্য সংরক্ষণ ও প্রক্রিয়া করা হবে একটি ঘেরা ২০,২৫০ স্কোয়ার ফুট ভবনতে যেখানে তিনটি মাটিতে বসনে কংক্রিট স্থিতিশীল/প্রসেসিং প্রক্রিয়ার ট্যাঙ্ক আছে আনুমানিক মোট ৯০,০০০ গ্যালনের। এই কেন্দ্রে কঠিন বিপদজনক বর্জ্যের সব প্রক্রিয়া করা হবে বিল্ডিং ৪ এ এবং তা সীমিত হবে প্রতিদিন ৬০০ টন করে। বিল্ডিং ৪ এ একটি ধারক উপস্থাপনকারী এলাকা থাকবে যেখানে বিপদজনক ও অবিপদজনক বর্জ্য ৫০০ গ্যালন পরিমাণ পর্যন্ত বিভিন্ন আকারের ধারকে গ্রহণ, হস্তান্তর এবং সংরক্ষণ করা হবে উপরন্তু, একটি বড় ধারক উপস্থাপনকারী এলাকা আছে যা বিপদজনক বর্জ্য সংরক্ষণ করবে। বিল্ডিং ৪ এ যে সর্বোচ্চ সংখক বর্জ্য পদার্থ পূর্ণ ড্রাম রাখা যাবে তা হলো ১১২০, মোট ৬১৬০০ গ্যালন বিপদজনক বর্জ্যের জন্য। সেকেন্ডারি সংবরণ এবং একটি অগ্নি দমন সিস্টেম ভবনর নকশা অংশ।

প্রস্তাবিত স্তূপাকার ও একত্রীকরণ বিল্ডিং (বিল্ডিং ৫এ):

প্রস্তাবিত বিল্ডিং ৫এ থাকবে বিল্ডিং ৪ এর সলগ্ন এবং পূর্ব দিকে বর্জ্যের সংরক্ষণ, স্তূপাকার ও একত্রীকরণের জন্য। বর্জ্যের সংরক্ষণ, স্তূপাকার এবং একত্রীকরণ করা হবে একটি ঘেরা, প্রায় ২০,০০০ স্কোয়ার ফুট ভবনতে, চারটি খুপড়িকাটা সংবরণ এলাকায় যার প্রত্যেকটি প্রায় ৩০ গজ। ধারক করা স্তূপাকার এবং একত্রীকরণের জন্য বর্জ্য, এই প্রক্রিয়া কেন্দ্রের অন্য অংশের বর্জ্যের মতো একই উপযুক্ততা এবং বর্জ্য মূল্যায়নের সাপেক্ষে হবে। এই বিল্ডিংও বর্জ্য পদার্থ সমেত সর্বোচ্চ সংখক ড্রাম হতে পারে ৪,১৬০ এবং বিপদজনক বর্জ্যের মোট আয়তন ২২৮,৮০০ গ্যালনের বেশি হবে না। সেকেন্ডারি সংবরণ এবং একটি অগ্নি দমন সিস্টেম ভবনর নকশা অংশ।

প্রস্তাবিত সংরক্ষণ এলাকা - বিল্ডিং ৫বি:

বাক্সবন্দি বিপদজনক বর্জ্য রোল-অফ বক্স বা ট্রেইলার, প্রয়োজন হলে, সংরক্ষণ করা যাবে প্রস্তাবিত বিল্ডিং ৫বি তে। এই এলাকায় বাক্স করে সর্বোচ্চ ১২১,১৮৪ গ্যালন বিপদজনক বর্জ্য সংরক্ষণ করা যাবে। ৩০ কিউবিক গজের বাক্স, রোল-অফ বা ট্রেইলার, যা বিল্ডিং ৫বি এলাকায় সংরক্ষণ করা যাবে তার সর্বোচ্চ সংখ্যা হলো ২০ টি বাক্স। এই এলাকাটি শুধুমাত্র বন্ধ ধারকের অস্থায়ী সংরক্ষণস্থল হিসাবে ব্যবহৃত হবে যতক্ষণ না তারা যথাযথ নিষ্পত্তি, উদ্ধার বা পুনঃব্যবহার কেন্দ্রে পাঠানো হচ্ছে; অথবা ইউএসই-এর প্রক্রিয়া কেন্দ্রের অনত্র পাঠানো এবং প্রক্রিয়া হচ্ছে। সেকেন্ডারি সংবরণ বিল্ডিং এলাকা নকশা অংশ।

কেন্দ্র - নির্দিষ্ট লাইসেন্সের শর্ত

সব বিপদজনক বর্জ্য লাইসেন্সের স্ট্যান্ডার্ড শর্ত ছাড়াও, প্রস্তাবিত লাইসেন্সে কিছু কেন্দ্রের সম্প্রসারণ নির্মাণের জড়িত কেন্দ্র সম্পর্কিত শর্ত আছে।

1. নির্মাণের জন্য শর্ত। শর্ত III এ. কেন্দ্রের সম্প্রসারণের জন্য নতুন ইউনিটের নির্মাণ অনুমোদন করে, নির্মাণ কার্যের ত্রৈমাসিক অগ্রগতি রিপোর্ট জমা করা চায়, কোনো নির্মাণের পরিবর্তনের অনুমোদন চায়, নির্মাণ কার্য চলবার সময় পেশাদার ইঞ্জিনিয়ার বা যোগ্য অধীনস্ত কর্মীর সাইটে উপস্থিতি চায় এবং নির্মাণের সময় নির্ধারণ করে।
2. নির্মাণ পরিবর্তী নথি রচনার জন্য শর্ত। শর্ত III বি. প্রকাশের তথ্যে কোন পরিবর্তন, নির্মাণের সার্টিফিকেশন, যা নির্মিত হয়েছে আঁকা, ক্ষমতার সার্টিফিকেশন, লাইসেন্স থেকে কোনো বিচ্যুতির তথ্য এবং নতুন ইউনিটের আর্থিক

নিশ্চয়তার প্রমানের জমা করা চায়।

৩. অপারেশন (কাজের) জন্য শর্ত। শর্ত III সি. চায় যে ইউএসই সম্প্রসারিত কেন্দ্রে বর্জ্য ব্যবস্থাপনার আগে এমএমডি পরিচালকের কাছ থেকে লিখিত অনুমোদন নেবে।
৪. বিজ্ঞপ্তি প্রয়োজনীয়তার জন্য শর্ত। শর্ত III ডি. চায় যে ইউএসই সম্পত্তি দলিলের বিজ্ঞপ্তির পরিবর্তন করুক যাতে যে জমিতে সম্প্রসারিত কেন্দ্র আছে তার আইনি বিবরণ চিহ্নিত হোক এবং ইজিএলই তে এই পরিবর্তিত বিজ্ঞপ্তির এক্সেকিউশন, ফাইলিং এবং রেকর্ডিং এর ভেরিফিকেশন জমা দিক।
৫. সম্মতি সূচির জন্য শর্ত। শর্ত VIII এ. চায় যে ইউএসই কেন্দ্রের উন্নতি, বদল এবং পরিবর্তন একটি তালিকার অনুসারে করুক, যার সময়সীমা লাইসেন্সের কার্যকর তারিখের এক থেকে তিন বছরের মধ্যে। যদি ইউএসই একটি প্রয়োজনীয়তা নির্দিষ্ট সময়সীমার মধ্যে না পূরণ করে, তবে কোন পরিবর্তিত ইউনিট বা একক ইউনিট সম্প্রসারণ যা সেই প্রয়োজনীয়তার সাথে যুক্ত আর অনুমোদিত থাকবে না এবং একটি সম্প্রসারণ পরিবর্তন আবেদন এবং অপারেটিং লাইসেন্সকে পরিবর্তিত ইউনিট বা একক ইউনিট সম্প্রসারণের জন্য অনুমোদিত প্রসেস ক্যাপাসিটি পুনরায় পেতে হবে, যদি না নির্মাণ সময়সীমার আগে শুরু হয় এবং একটানা চলে এবং আবেদন জমা হবার আগে সম্পূর্ণ হয়।
৬. প্রতিবেদনের জন্য শর্ত। শর্ত VIII বি. চায় যে ইউএসই এমএমডি পরিচালককে প্রতিটি কেন্দ্রের উন্নতি, বদল বা পরিবর্তনের ১৪ দিনের মধ্যে সম্মতি বা অসম্মতি জানাতে যা লাইসেন্সের শর্ত VIII এ এর প্রতিটি সম্মতি তালিকায় আছে।

সংশোধনী পদক্ষেপ

অংশ ১১১ এর অধীনে ইউএসই কে সংশোধনমূলক কাজ করতে হবে এবং কোনো বর্জ্য ব্যবস্থাপনা ইউনিট (ডাবলুএমইউ) থেকে সংক্রমকের মুক্ত পাওয়ার প্রতিকার করবে, সে কেন্দ্রের ডাবলুএমইউ থেকে যখনি রাখা হোক বা মুক্ত হোক. খসড়া লাইসেন্সে ১১ টি ডাবলুএমইউ আর চারটি এরিয়া অফ কনসার্ন (এওসি) আছে যা খসড়া লাইসেন্সের অধীনে পর্যবেক্ষিত হবে।

| ডাবলুএমইউ নম্বর | ডাবলুএমইউ নাম | বিবরণ |
|-----------------|---|--|
| ১ | প্রাথমিক প্রক্রিয়া এলাকা | ট্যাক্স ১, ২, ৩ এবং ৪ |
| ২ | সেকেন্ডারি প্রক্রিয়া ভবন | ট্যাক্স ১৮, ১৯, ২০ এবং ২১ |
| ৩ | ফিল্টার প্রেস কন্ট্রোল রুম | প্রেস এ, বি এবং সি; ট্যাক্স সিভি ১ এবং সিভি ২ |
| ৪ | রাসায়নিক সংরক্ষণ এলাকা (ট্যাংক ফার্ম বিল্ডিং) | ট্যাক্স ৭, ১০, ১১, ১২, ১৩, ১৬, ১৭, ২৭, ৩২ এবং ৩৩ |
| ৫ | দ্রবীভূত বায়ু ভাসন বিল্ডিং | ট্যাক্স ৩৪, ৩৫, ৩৬, ৩৭ এবং ৩৮ |
| ৬ | প্রবহমান সংরক্ষণ ট্যাক্স | ট্যাক্স ৩০ এবং ৩১ |
| ৭ | সিএমএফ | ধারক এবং বাল্ক স্টোরেজ |
| ৮ | অ্যাক্টিভেটেড কার্বন | প্রক্রিয়া প্লান্ট ও সিএমএফ থেকে ব্যবহৃত কার্বন |

| ডাব্লুএমইউ নম্বর | ডাব্লুএমইউ নাম | বিবরণ |
|---------------------|------------------------------|---|
| ৯ | বিল্ডিং ৪ | প্রক্রিয়া ভল্ট ১, ২ এবং ৩; ধারক এবং বাল্ক স্টোরেজ |
| ১০ | প্রস্তাবিত বিল্ডিং ৫এ | ধারক সংরক্ষণ |
| ১১ | প্রস্তাবিত বিল্ডিং ৫বি | ধারক/রোল-অফ সংরক্ষণ |
| এওসি নম্বর | এওসি নাম | বিবরণ |
| ১ | রক্ষনাবেক্ষন গ্যারেজ | কেন্দ্রের সরঞ্জাম এই এলাকায় মেরামত হয় |
| ২ | ট্রাক আনলোডিং সংবরণ এলাকা | ট্রাকের ট্যাঙ্ক আনলোড করার জায়গা রাসায়নিক সংরক্ষণ এলাকায়। |
| ৩ | জ্বালানি সঞ্চয়ের এলাকা | জ্বালানি সঞ্চয়ের ট্যাংক |
| ৪ | সাবেক ভূগর্ভস্থ ট্যাংক খামার | সিএমএফ-এর পূর্বে এবং ট্যাংক খামার ভবনের নিচে অবস্থিত |

ইউএসই এর বর্তমান ডাব্লুএমইউ গুলি বর্তমানে কোনো দূষণের/সংক্রমকের মুক্তির প্রমাণ ছাড়াই কাজ করে চলেছে। যখন ইউএসই এই ইউনিটগুলিতে বা এলাকায় বিপদজনক বর্জ্য প্রক্রিয়া বা সংরক্ষণ বন্ধ করবে, খসড়া লাইসেন্সে ব্যবস্থা করা আছে যে ইউএসই অতিরিক্ত পরিবেশের নজরদারি করবে যাতে কোনো চিহ্নিত নিষ্কাশনের জন্য সংশোধনী কাজ করবার দরকার আছে কিনা তা নির্ধারণ করা যায়।

পরিবেশগত প্রভাব

সংরক্ষিত বর্জ্য

ইউএসই তালিকাভুক্ত এবং চরিত্রগত বিপদজনক বর্জ্য এবং অবিপদজনক বর্জ্য উভয়ই সংরক্ষণ ও প্রক্রিয়া করে। সঠিক প্রক্রিয়া ও নিরাপদ সংরক্ষণ নিশ্চিত করতে, লাইসেন্সড বর্জ্যের সংরক্ষণ এবং প্রক্রিয়া পদ্ধতির ওপর সীমাবদ্ধতা লাগু করা হয়েছে। অসঙ্গত বর্জ্য কে লাইসেন্সড স্টোরেজ ইউনিট-এ পৃথক করা প্রয়োজন।

ভূগর্ভস্থ জলের পর্যবেক্ষণ প্রোগ্রামের দাবিত্যাগ

জুলাই ৩০, ২০০৪ থেকে, প্রধান পরিবর্তন হিসাবে, কেন্দ্রকে ভূগর্ভস্থ জল পর্যবেক্ষণ বন্ধ করার অনুমতি দেওয়া হয়েছে। জুলাই ১৫, ২০১৫ থেকে আগস্ট ২৮, ২০১৫ অবধি জনগণের মন্তব্যের সময়ে এটা উল্লেখ করা হয়েছিল যে যেরকম প্রয়োজন সেই মত কেন্দ্রের সব কটি বর্জ্য ব্যবস্থাপনা ছাউনির আড়ালে হচ্ছে না। জুন ১৯, ২০১৭ তে, কেন্দ্রটি পার্ট ১১১ প্রশাসনিক নিয়মের আর ২৯৯.৯৬১১(৩)(বি) অধীনে ভূগর্ভস্থ জল পর্যবেক্ষণের রেহাই পায়। এই দাবিত্যাগটি কেন্দ্রের চারপাশের হাইড্রোজিওলজিক্যাল তথ্য ও বর্তমান ভূতত্ত্ব-এর ওপর ভিত্তি করে দেওয়া হয়েছে। এই ভূগর্ভস্থ জল পর্যবেক্ষণ চাহিদা থেকে রেহাই দেওয়া হচ্ছে কারণ তখন বা এখন এই কেন্দ্র থেকে কোনো তরলের সর্বোচ্চ একুইফারে মেশার সম্ভাবনা নেই। এই দাবিত্যাগটি ইজিএলইকে স্বাধীনভাবে সাইট থেকে ভূগর্ভস্থ জলের নমুনা নিতে রোধ করে না।

মাটি পর্যবেক্ষণ প্রোগ্রাম দাবিত্যাগ

কেন্দ্রটি মাটি পর্যবেক্ষণ প্রয়োজনীয়তা থেকে একটি দাবিত্যাগ পায় আর ২৯৯.৯৬১১ (২)(ডি) অনুসারে মে ২, ১৯৯০ এর লাইসেন্সের ইস্যুর আগে, যে বর্তমান লাইসেন্সের আগের লাইসেন্স। এই কেন্দ্রের সেই সব এলাকা যেখানে বিপদজনক বর্জ্য পরিচালিত হয় কংক্রিট বা ব্ল্যাকটপ দিয়ে বাঁধানো হয়েছে এবং কিছু নির্দিষ্ট এলাকা (যেমন সিএমএফে সংরক্ষণ খাড়া

এবং প্রক্রিয়ার এলাকায় আনলোডিং প্যাড) রাসায়নিক নিষ্ক্রিয় পদার্থ দিয়ে আবৃত হয়েছে। এই দাবিত্যাগটি ইজিএলইকে স্বাধীনভাবে সাইট থেকে মাটির নমুনা নিতে রোধ করে না।

চারিপার্শ্বিক বায়ু পর্যবেক্ষণ

ইউএসই খসড়া লাইসেন্সে সংযুক্তি ১১ এর চারিপার্শ্বিক বায়ু পর্যবেক্ষণ প্রোগ্রামের হিসাবে, মোট স্থগিত বস্তুকণা, আর্সেনিক, লিড এবং ক্রোমিয়ামের জন্য কেন্দ্রের চারিপার্শ্বিক বায়ু পর্যবেক্ষণ করে।

প্রবহমান পর্যবেক্ষণ

ইউএসই গ্রেট লেকস ওয়াটার অথরিটি, পূর্বে ডেট্রয়েট ওয়াটার এন্ড সুয়েজ ডিপার্টমেন্ট, থেকে পাওয়া প্রবহমান নিকাশ পারমিটের মান পূরণ করছে কিনা তা নিশ্চিত করতে প্রবহমান পর্যবেক্ষণ করে। এই নিকাশ পারমিট ইউএসইকে অনুমতি দেয় ঝড়ের জল এবং প্রক্রিয়াজাত প্রসেসড বর্জ্যজল ডেট্রয়েট নদীতে ছাড়ার আগে ডেট্রয়েট শহরের সরকারি প্রক্রিয়া কেন্দ্র প্রক্রিয়ার জন্য দিতে।

জনগণের অংশগ্রহণ

জনগণের মন্তব্য পদ্ধতি

জনগণের অংশগ্রহণের উদ্দেশ্য হলো এটা নিশ্চিত করা যা আগ্রহী জনগণের কাছে ইজিএলই প্রস্তাবিত কাজের জ্ঞান থাকে এবং তারা যাতে এই কাজগুলি সম্পর্কে নিজেদের মন্তব্য জানাতে পারে। এছাড়াও, এই পদ্ধতি নিশ্চিত করে যে ইজিএলই জনগণের কাছে থাকা এই কাজগুলি সম্পর্কিত কোন তথ্য থেকে উপকৃত হতে পারে। আগস্ট ১৮, ২০১৫ তে বিকেল ৭ টা থেকে রাত ৯ টা পর্যন্ত হামট্রামক পাবলিক লাইব্রেরিতে, ২৩৬০ ক্যানিফ স্ট্রিট, হামট্রামক, মিশিগানে, একটি প্রকাশ্য শুনানি অনুষ্ঠিত হয়। এই শুনানির উদ্দেশ্য ছিল আগ্রহী ব্যক্তিদের খসড়া লাইসেন্স সম্পর্কে মৌখিক বা লিখিত মন্তব্য জমা দিতে দেওয়া।

জনগণের মন্তব্যের সময় শুরু হয় জুলাই ১৫, ২০১৫ তে এবং শেষ হয় আগস্ট ২৮, ২০১৫ তে।
জনগণের মন্তব্যের সময় বর্ধিত হয় আগস্ট ২৮, ২০১৫ থেকে অক্টোবর ১২, ২০১৫ অবধি।

একটি দ্বিতীয় জনসভা নির্ধারিত হয় বৃহস্পতিবার, মার্চ ২৮, ২০১৯ এ বিকেল ৬ টা থেকে রাত ০৯.৩০ অবধি ব্রিজ একাডেমী পূর্ব, ৯৬০০ বাফালো স্ট্রিট, হামট্রামক, মিশিগান ৪৮২১২ তে। এই শুনানির উদ্দেশ্য ছিল আগ্রহী ব্যক্তিদের খসড়া লাইসেন্স সম্পর্কে মৌখিক বা লিখিত মন্তব্য জমা দিতে দেওয়া।

দ্বিতীয় জনগণের মন্তব্যের সময় শুরু হয় ফেব্রুয়ারী ২২, ২০১৯ এ এবং শেষ হয় এপ্রিল ১২, ২০১৯ এ।

জনগণের মন্তব্যের সময় জমা হওয়া লিখিত মন্তব্যগুলি চূড়ান্ত সিদ্ধান্ত নেবার জন্য প্রজেক্ট টীম, বিপদজনক বর্জ্য সেকশনের ম্যানেজার, আর এমএমডি পরিচালক দেখেন। লিখিত মন্তব্য এবং মৌখিক বিবৃতি প্রত্যুত্তর চূড়ান্ত সিদ্ধান্ত সমর্থন রেকর্ডে অন্তর্ভুক্ত করা হয়। চূড়ান্ত সিদ্ধান্ত ইউএসই, প্রত্যেক ব্যক্তি যিনি জনগণের মন্তব্যের সময় লিখিত মন্তব্য দিয়েছিল, ব্যক্তির যারা মার্চ ২৮, ২০১৯ এ জনসমবায় মৌখিক বিবৃতি দিয়েছিলেন এবং কেন্দ্রের মেইল তালিকায় থাকা প্রত্যেক ব্যক্তিকে জানানো হয়েছে।

উপস্থিত তথ্যের অবস্থান

এই লাইসেন্সের প্রশাসনিক রেকর্ড ফাইল করা হয়েছে ইজিএলই, এমএমডি, কনস্টিটিউশন হল, ৫২৫ ওয়েস্ট অলিগন স্ট্রিট, ল্যাংসিং, মিশিগানে (যোগাযোগ জনাব রিচার্ড এ. কনফরটি ৫১৭-২৮৪-৬৫৫৮)

লাইসেন্সের প্রতিলিপি, তথ্যের বিবরণ এবং সংবেদনশীলতা সারাংশ পর্যালোচনার জন্য উপলব্ধ আছে:

- ইজিএলই, ডেট্রয়েট ফিল্ড অফিস, ক্যাডিলাক প্লেস, ৩০৫৮ ওয়েস্ট গ্রান্ড বোল্ডার্ড, স্যুট ২৩০০, ডেট্রয়েট, মিশিগান (যোগাযোগ জনাবা উইলহেলমিনা ম্যাকলেমরে ৩১৩-৪৫৬-৪৬৮৫);
- ইজিএলই, ওয়ারেন ডিস্ট্রিক্ট অফিস, ২৭৭০০ ডোনাল কোর্ট, ওয়ারেন, মিশিগান (যোগাযোগ জনাবা জেনেট নোএচেল ৫৮৬-৪৯৪-৫০৯১);
- ন্যাপ শাখা ডেট্রয়েট পাবলিক লাইব্রেরি, ১৩৩৩০ কন্যান্ট, ডেট্রয়েট, মিশিগান (যোগাযোগ ৩১৩-৪৮১-১৭৭০)
- অনলাইন <http://www.michigan.gov/usecologydetroitnorth>

যোগাযোগ ব্যক্তি

জনাব রিচার্ড এ. কনফরটি
মেটেরিয়াল ম্যানেজমেন্ট ডিভিশন
মিশিগান এনভায়রনমেন্ট গ্রেট লেকস এন্ড এনার্জি
পি.ও. বাক্স ৩০২৪১
ল্যাংসিং, মিশিগান ৪৮৯০৯-৭৭৪১